“হে বিলাল! সালাত কায়িম করো। আর তার মাধ্যমে আমাদেরকে শান্তি দাও”।

সালিম ইবনু আবুল জা’দ সুত্রে বর্ণিত। তিনি বলেন, এক ব্যাক্তি বললেন, যদি আমি সালাত
আদায় করতাম তাহলে প্রশান্তি পেতাম, তারা যেন বিষয়টি অপছন্দ করল। তিনি বললেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, “হে বিলাল! সালাত
কায়িম করো। আর তার মাধ্যমে আমাদেরকে শান্তি দাও”। [সহীহ] [আবু দাউদ এটি বর্ণনা করেছেন]

সাহাবীদের একজন বললেন, যদি আমি সালাত আদায় করতে পারতাম তাহলে প্রশান্তি পেতাম, তখন তার পাশে থাকা উপস্থিত লোকজন যেন সেটিকে দোষ মনে করলো। তিনি বললেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছিঃ হে বিলাল! জোরে সালাতের আজান দাও এবং তার ইকামত দাও , যেন আমরা তার মাধ্যমে স্বস্তি লাভ করতে পারি। কারণ, তার ভেতর আল্লাহর সাথে কথোপকথন এবং অন্তর ও রূহের প্রশান্তি রয়েছে।

https://sunnah.global/hadeeth/bn/show/65095